

# Vice President of India visited the UAE to convey condolences on passing away of HH Sheikh Khalifa bin Zayed Al Nahyan

May 15, 2022

হিজ হাইনেস শেখ খালিফা বিন জায়েদ আল নাহয়ানের প্রয়াণে শোকজ্ঞাপনের উদ্দেশ্যে ভারতের উপরাষ্ট্রপতির ইউএই সফর মে 15, 2022

ইউএই -র প্রাক্তন প্রেসিডেন্ট এবং আবু ধাবির শাসক হিজ হাইনেস শেখ খালিফা বিন জায়েদ আল নাহয়ানের দুঃখজনক মৃত্যুতে ইউএই-র নেতৃবৃন্দের প্রতি ভারত সরকারের তরফ থেকে শোকজ্ঞাপনের উদ্দেশ্যে ভারতের উপরাষ্ট্রপতি শ্রী এম বেঙ্কাইয়া নাইডু 15 ই মে 2022 তারিখে ইউএই সফর করেছেন।

আজ দুপুরে আবু ধাবিতে অবতরণ করার পরে ইউএই-র নব-নির্বাচিত প্রেসিডেন্ট হিজ হাইনেস শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহয়ান, রাজপরিবার এবং ইউএই-র সমস্ত নেতৃবৃন্দের প্রতি তার শোকজ্ঞাপনের জন্য উপরাষ্ট্রপতি সরাসরি মুশরিফ প্রাসাদে যান।

উপরাষ্ট্রপতি রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর শকবার্তা প্রদান করেন এবং এই কঠিন সময়ে ভারত এবং তার জনগণ যে ইউএই-র পাশে রয়েছে সেই কথা পুনরায় ব্যক্ত করেছেন।

উপরাষ্ট্রপতি আনন্দের সাথে স্মরণ করেছেন যে, হিজ হাইনেস শেখ খালিফা বিন জায়েদ আল নাহয়ান-এর নেতৃত্বে ভারত-ইউএই সম্পর্ক দুই দেশের নাগরিকদের পারস্পরিক সুবিধার্থে অনেকখানি সমৃদ্ধিলাভ করেছে এবং শেখ খালিফা এক বিশাল সংখ্যক ভারতীয় সম্প্রদায়ের মানুষদের প্রতি , যারা তাকে উচ্চসম্মানের আসনে বসিয়েছিলেন তাদের প্রতি বিশেষ যত্ন নিয়েছিলেন।

এর আগে, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর 14 ই মে 2022 তারিখে নিউ দিল্লিতে ইউএই-র দূতাবাসে গিয়ে ভারতের তরফ থেকে শোক জ্ঞাপন করে এসেছেন। ভারত 14ই মে 2022 তারিখে একদিনের রাষ্ট্রীয় শোকও পালন করেছে।

হিজ হাইনেস শেখ মহম্মদ ইউএই-র তৃতীয় প্রেসিডেন্ট নির্বাচিত হবার জন্য উপরাষ্ট্রপতি তাকে তার শুভকামনা জ্ঞাপন করেছেন। উপরাষ্ট্রপতি বলেছেন যে

তার পরিচর্যা ও নেতৃত্বের অধীনে দুই দেশ নব নব এবং বিভিন্ন ক্ষেত্রে তাদের ঐতিহাসিক ও ব্যাপক কৌশলগত সম্পর্ককে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

উপরাষ্ট্রপতির সাথে ছিলেন ইউএই-তে ভারতের রাষ্ট্রদূত, উপরাষ্ট্রপতির সচিব, যুগ্ম সচিব(গালফ) এবং ভারত সরকারের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা।

**আবু ধাবি**

**মে 15, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.